

## যুক্তরাষ্ট্রে বিমানবন্দরে হ্যাঞ্জার ধসে হতাহত ১২

- A Monitor Desk Report

Date: 02 February, 2024



**ওয়াশিংটন:** যুক্তরাষ্ট্রের আইডাহোর বোয়েস বিমানবন্দরের মাঠে হ্যাঞ্জার ধসে তিনজন নিহত হয়েছেন। স্থানীয় সময় বুধবার (৩১ জানুয়ারি) বিকেলে দুর্ঘটনাটি ঘটে।

এ দুর্ঘটনায় আহত হয়েছেন নয়জন। কর্মকর্তাদের বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে ওয়াশিংটন সংবাদমাধ্যম।

খবরে বলা হয়েছে, এদিন বিকেল পাঁচটায় বোয়েস বিমানবন্দরে অবস্থিত নির্মাণাধীন একটি স্টিলের ফ্রেমযুক্ত হ্যাঞ্জার ভেঙে পড়ে। ব্যক্তিগত ব্যবসার জন্য সেখানে নির্মাণ কাজ চলছিল।

বিগ ডি বিল্ডার্স নামে একটি ঠিকাদার প্রতিষ্ঠান জ্যাকসন জেট সেন্টার নামে অপর একটি প্রতিষ্ঠানের জন্য ৩৯ হাজার বর্গফুটের হ্যাঞ্জার নির্মাণের কাজ পেয়েছিল। দুর্ঘটনা সম্পর্কে বিগ ডি বিল্ডার্স কোনো মন্তব্য করেনি।

ঘটনাটি ঘটে জ্যাকসন জেট সেন্টারের পাশে। সেখানে ব্যক্তিগত বিমান চার্টার ও রক্ষণাবেক্ষণ করা হয়।

এ বিষয়ে বিবৃতিও দিয়েছে কর্তৃপক্ষ।

দুর্ঘটনার শিকার হন মোট ১২ জন। তাদের মধ্যে তিনজন ঘটনাস্থলেই মারা যান। ৯ আহতের মধ্যে পাঁচজনের অবস্থা গুরুতর। সবাইকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। কী কারণে দুর্ঘটনাটি ঘটেছে সেটি খতিয়ে দেখছে কর্তৃপক্ষ।

বোয়েস ফায়ার বিভাগের অপারেশনস চিফ অ্যারন হমেল এ খবর নিশ্চিত করেছেন। তিনি বলেন, খুবই বিপর্যয়কর ঘটনা এটি। বুধবার সন্ধ্যা পর্যন্ত সেখানে যারা ছিলেন সবাইকে প্রাথমিকভাবে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। হতাহতের ব্যাপারে হমেল কোনো মন্তব্য করেননি।

